



বাংলাদেশ ব্যাংক  
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)  
প্রধান কার্যালয়  
মতিঝিল, ঢাকা-১০০০  
বাংলাদেশ।

ডেট ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট  
০৬ শ্রাবণ ১৪২৭ বাঃ  
তারিখঃ -----  
২১ জুলাই ২০২০ ইং

ডিএমডি সার্কুলার নং- ৪/২০২০

ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী কর্মকর্তা  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান।

প্রিয় মহোদয়,

**ট্রেজারি বিল ও বঙ্গের ক্লায়েন্টাল সার্ভিস প্রদানের**  
**নিমিত্তে "গভর্নমেন্ট সিকিউরিটিজ বিনিয়োগ উইন্ডো" স্থাপন প্রসঙ্গে।**

আপনারা অবগত রয়েছেন যে, বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের মাধ্যমে বাংলাদেশে নিবাসী ব্যক্তি, প্রতিষ্ঠান (যেমন: বীমা কোম্পানি, কর্পোরেট প্রতিষ্ঠান, প্রভিডেন্ট ফান্ড, পেনশন ফান্ড, মিউচ্যাল ফান্ড ইত্যাদি) সহ অনিবাসী ব্যক্তি ও প্রাতিষ্ঠানিক বিনিয়োগকারীগণ সরকারি সিকিউরিটিজে বিনিয়োগ করতে পারে। সাধারণ বিনিয়োগকারীদের মধ্যে সচেতনতা বৃদ্ধি এবং সরকারি সিকিউরিটিজে বিনিয়োগে উন্নুন্দকরণের নিমিত্তে বাংলাদেশ ব্যাংক কর্তৃক ইতোমধ্যে বিভিন্ন উদ্যোগ গ্রহণ করা হয়েছে, যার ফলে বিনিয়োগকারীদের নিকট হতে ব্যাপক সাড়া মিলেছে। তাছাড়া, সম্ভাব্য বিনিয়োগকারীগণ ট্রেজারি বিল ও বঙ্গে বিনিয়োগ প্রক্রিয়ার বিষয়ে তথ্য গ্রহণপূর্বক বিনিয়োগে আগ্রহ প্রকাশ করছেন। এতদ্ব্যতীত, সরকারি সিকিউরিটিজ ঢাকা স্টক এক্সচেঞ্জ এর প্লাটফর্মে লেনদেন শুরু হলে বিনিয়োগকারীদের আগ্রহ অনেকগুণ বেড়ে যাবে।

২। বর্তমানে কোন বিনিয়োগকারী ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের প্রধান কার্যালয়স্থ ট্রেজারি ডিভিশনের মাধ্যমে বাংলাদেশ ব্যাংকের এমআই মডিউলে "সিকিউরিটিজ এ্যাকাউন্ট" খুলে সরকারি সিকিউরিটিজে বিনিয়োগ ও সেকেন্ডারি মার্কেটে লেনদেন করে থাকে। ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের উভ ট্রেজারি ডিভিশন মূলত নিজস্ব সিকিউরিটিজ পোর্টফোলিও ব্যবস্থাপনা সংক্রান্ত কার্যক্রমের পাশাপাশি ক্লায়েন্টাল সার্ভিস প্রদান করে থাকে। কিন্তু, ট্রেজারি বিল ও বঙ্গে সম্ভাব্য বিনিয়োগকারীর সংখ্যা বৃদ্ধির ফলে বর্তমান প্রক্রিয়ায় প্রধান কার্যালয়স্থ ট্রেজারি ডিভিশনের পক্ষে নিজস্ব অপারেশনাল কাজের পাশাপাশি ফুল-ফ্লেজেড ক্লায়েন্টাল সার্ভিসেস প্রদান করা কষ্টসাধ্য হতে পারে। সেক্ষেত্রে, সম্ভাব্য বিনিয়োগকারীগণকে ট্রেজারি বিল ও বঙ্গে বিনিয়োগে উন্নুন্দকরণ এবং এ সংক্রান্ত অপরাপর কার্যক্রম পরিচালনায় বিষ্ণু সৃষ্টি হতে পারে।

৩। এমতাবস্থায়, ট্রেজারি বিল ও বঙ্গের সম্ভাব্য বিনিয়োগকারীগণকে ক্লায়েন্টাল সার্ভিস দ্রুততার সাথে ও কার্যকরীভাবে প্রদানের নিমিত্তে আপনাদের নিজ নিজ ট্রেজারি ডিভিশনের নিয়ন্ত্রণে/তদারকির আওতায় "গভর্নমেন্ট সিকিউরিটিজ বিনিয়োগ উইন্ডো" স্থাপনের জন্য আপনাদেরকে নির্দেশনা প্রদান করা যাচ্ছে।

৪। "গভর্নমেন্ট সিকিউরিটিজ বিনিয়োগ উইন্ডো" নিম্নরূপ কার্যক্রম সম্পাদন করবেঃ

- ক) ট্রেজারি বিল ও বঙ্গের সম্ভাব্য বিনিয়োগকারীগণকে কুপন/ইল্ডসহ বিনিয়োগ পদ্ধতি সংক্রান্ত তথ্যাদি প্রদান;
- খ) ব্যক্তি ও প্রাতিষ্ঠানিক বিনিয়োগকারীগণের সিকিউরিটিজ হিসাব খোলার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;
- গ) সিকিউরিটিজ ক্রয়-বিক্রয়, কুপন ও মেয়াদপূর্তীতে মূল অর্থ দ্রুততার সাথে পরিশোধ এবং লেনদেনের সার্বিক নিরাপত্তার স্বার্থে ব্যাংক হিসাব খোলার পরামর্শ প্রদান;

পূর্ববর্তী পৃষ্ঠা হতে-

- ঘ) ক্লায়েন্টের রিকুইজিশনের ভিত্তিতে সংশ্লিষ্ট সিকিউরিটিজের ক্রয়/বিক্রয় সংক্রান্ত কার্যক্রম সম্পাদন করা;
- ঙ) ক্লায়েন্ট হিসাবের বিপরীতে যথাসময়ে কুপন, মেয়াদপূর্তীতে আসল পরিশোধ এবং ক্রয়-বিক্রয়ের সাথে বিজড়িত অর্থ লেনদেনের বিষয়সমূহ যথাযথভাবে সম্পাদন;
- চ) সময়মাফিক ক্লায়েন্টের সিকিউরিটিজ হিসাবের রিকনসিলিয়েশন সম্পাদন;
- ছ) নিজস্ব ট্রেজারি ডিভিশনের সহিত নিয়মিতভাবে যোগাযোগের মাধ্যমে এতদ্সংক্রান্ত যাবতীয় কার্যাবলি সম্পাদন;
- জ) বাংলাদেশ ব্যাংকে রাঙ্কিত ট্রেডিং প্লাটফর্মের পাশাপাশি সম্ভাব্য অপরাপর প্লাটফর্মসমূহ (যেমন- ডিএসই ট্রেডিং প্লাটফর্ম) এর সাথে ট্রেডিং কার্যক্রমের সমন্বয় সাধনসহ বিবিধ কার্যক্রম।

৫। “গভর্নমেন্ট সিকিউরিটিজ বিনিয়োগ উইন্ডো” আগামী ০৩ (তিনি) মাসের মধ্যে স্থাপন করতে হবে। উক্ত উইন্ডো স্থাপনের পূর্ব পর্যন্ত, ক্লায়েন্টের সংখ্যা বিবেচনাকরত বিনিয়োগ সংক্রান্ত কার্যক্রম ট্রেজারি ডিভিশনের সম্মিলিত শাখায় সাময়িকভাবে কাস্টমার সার্ভিস ডেক্সের মাধ্যমে অথবা স্বতন্ত্র ডেক্স স্থাপনপূর্বক পরিচালনা করার জন্য আপনাদেরকে পরামর্শ প্রদান করা হ'ল।

৬। বর্ণিত কার্যক্রম গ্রহণপূর্বক সরকারি সিকিউরিটিজের ক্লায়েন্টাল সার্ভিস প্রদানের নিমিত্তে চালুকৃত “গভর্নমেন্ট সিকিউরিটিজ বিনিয়োগ উইন্ডো” সংক্রান্ত বিষয়টি এবং উহাতে নিযুক্ত কর্মকর্তাগণের বিস্তারিত (নাম, পদবী, যোগাযোগের নম্বর, ইমেইল, শাখার ঠিকানা ইত্যাদি) তথ্যাদি যথাশীল নিজস্ব ওয়েবসাইটে প্রদর্শনপূর্বক এ বিভাগকে অবহিত করার জন্যও আপনাদেরকে অনুরোধ করা হ'ল।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ খুরশীদ আলম)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০১৩১